অবলা সরলা নহে পুরুষ মায়াধারি। দৃষ্টি মাত্র পুরুষের মন করে চুরি॥ যতি জপ বচনে পরস নাহি করে। যদি পরশ করে ধর্ম হয় মায়া নিরে॥ দ্বার মধ্যে নারি যদি করে নিরক্ষণ। ঋষি তপস্বির মন করএ হরণ। থাক অন্যের কাজ শিবেরে মোহিল। মহিনি হেরিয়া হর মোহিত হইল। ত্রিসন্ধ্যা কামে যদি যতি মতি ভাঙ্গে। গজরাজ বন্দি যেন করি নিজ সঙ্গে॥ গজের বন্ধন দেখি ত্রিভঙ্গ তেজিল। মাতঙ্গ নিবন্ধ দেখি দিব্য জ্ঞান হৈল।

১৪ অধ্যায়।

এক দ্বিজ ঘরে এক আছিল কুমারি। তাহার সম্বন্ধে আইলা জনা দুই চারি। পিতামাতা বন্ধুগণ নাহিক মন্দিরে। আপনি ব্রাহ্মণি কন্যা পূজিল সাদরে॥ সেবা লাগি গৃহ মধ্যে করিয়া প্রবেশে। তণ্ডুল কারণে ধান্য ভঞ্জেন আবেশে। ধান্য আর দিতে শঙ্খ শব্দ উঠোল। লজ্জিত হালিয়া কন্যা লজ্জা স্থিত হৈল। একে২ সব শঙ্খ করিল ভঞ্জন। দুই২ গাছি শঙ্খ রাখিল তখন। পুন ধান্য ভাঙ্গে কন্যা আবেশ হইয়া। তবু শঙ্খ শব্দ উঠে ঘয় মুক্ত হৈয়া॥ দুই হাথে দুই গাছি হস্তেতে রাখিয়া। একেক গাছি শঙ্খ দিল ফেলাইয়া। এক গাছি শঙ্খে শব্দ নিঃশব্দ হইল। আ

নন্দিত হৈয়া খান্য ভাঙ্গিতে লাগিল । বহু সংখ্য টনে হয় ভজন রহিত । তৈছে একেশ্বর ভূমি হৈয়া আনন্দিত । একান্ত হইয়া করে শ্রীকৃষ্ণ অর্চ্চণ । ভজন বিরুদ্ধ হয় বহু সংঘটন ।।

১৫ সর কৃৎ কর্ম্মকার ।

চিত্তস্থির করি কৃষ্ণ পদে রাখ মন । স্থির চিত্ত হৈয়া ভজ বৃজেন্দ্র নন্দন । ব্যাপ্ত অত্যান্তরে রূপ করিবে ধারণ । যেন সররকৃৎ তির করয়ে গঠণ ।। এক দিন রাজার বিবাহ জায় পথে । কর্ম্মকার গঠেতির হেন্ট করি মাথে ।। সরগত চিত্তার নাহি অন্য জ্ঞাণ । কিছু না জানিল সেই বিবাহ গমণ ।। সরগত চিত্ত অন্য নাহি অবধান । এধর্ম্ম সিখিল মুই সর কৃৎ স্থান ।

১৬ সর্প ।

যতি ধর্ম্ম করি গৃহে না করিবে আস । সর্প যৈছে পর গৃহে সদা করে বাস ।। গৃহ পরি হরি আমি এইসে কারণ । সর্প পাষ এই ধর্ম্ম করিল ধারণ ।।

১৭ উর্ণনাভি ।

উর্ণনাভি উর্ণ সূত্র শৃজিয়ে বদনে । সেই উর্ণ সত্রে করে গৃহের নির্ম্মাণে । পুন সেই সুত্র রাক্ষে করএ ভোজন । আপনে শৃষ্টিএ পুন করয়ে ভঞ্জন । সর্ব্ব শক্তি সম্বরিয়ে প্রভু মাত্র রয় । নিরাধার নিরালম্ব জনের আশ্রয় । সেই রূপ গুণ মুই বলি বিষ্ণু মায়া । জগত শৃর্জয়ে সেই মায়া আচ্ছাদিয়া ।। মায়ায় করেণ হরি জগত নির্ম্মাণ । প্রলয়ে সংহরে হরি পূর্ব্ব ভগবাণ ।।

১৮ পেসকৃৎ অর্থাৎ অম্বিড়া পোকা।

ইষ্ট ভক্তি নিরবধি একান্ত করিয়া। সর্ব্বদা করিবে ধ্যান নিমগ্ন হইয়া॥ অম্বিরে পতঙ্গ যৈছে বিদ্ধ আরিসলে। পেসকৃত মূর্ত্তি সেই ভাবএ বিরলে। অন্তি কিটমূ হয় ভাবিতে২। তেমতি করেণ হরি সাধিতে২॥ অতএব অম হৈয়া কৃষ্ণ কর ধ্যাণ। ইহ লোকে পর লোকে হইবে কল্যাণ॥

১৯ মধুহ ভ্রমর।

যথালাভে সন্তোষ হইয়া থাকি আমি। অত্যন্ত লোভের দোষ বিধিমতে জানি। কেতকী পুষ্পেতে যৈছে বন্দি হয় ভৃঙ্গ। পুষ্প রজ কণ্ট কেতে জির্ণ হয় অঙ্গ। লোভি ভৃঙ্গ মধু লোভে পদ্ম মধ্যে যায়। মধু পানে মত্ত হৈয়া দিবস গোঙায়॥ নিসি কালে পদ্ম পুষ্প হএন মুদিত। ভৃঙ্গ বদ্ধ হৈয়া থাকে প্রাণে শঙ্কিত। অতএব লোভপাপ করিবে বর্জ্জণ। কৃষ্ণ পদ লোভি আসা কর সর্ব্বক্ষণ॥

২০ মৃগী।

গ্রাম্যগিত কদাচিত নাশুনিবে কাণে। বংসি ধ্বনি করি ব্যাধ মৃগি মারে বাণে॥ মৃগি দসা দেখি গ্রাম্য গিত নাহি শুনি। নির্জ্জনেতে কৃষ্ণ ভজি শুন ব্রহ্মধনি॥ বেস্যা দেখি বান্দি হৈলা মুনি ঋষ্য শৃঙ্গ। দিপ সিখা রূপ দেখি পড়োয়ে পতঙ্গ॥

২০ মিন।

জিহ্বার লালসা রসে বন্দি হয় মিন। বড়সির টোপে মচ্ছ প্রাণে হয় হিন। তাহা দেখি তেজি মুই জিহ্বার লালসা। কৃষ্ণ নামামৃত পান কেবল মানসা॥ রসনা ইন্দ্রিয়

রস যেকরে দমন। অনা আসে সেই জপ জিনএ সমণ ।।

২২ পিঙ্গলা।।

আছিল পিঙ্গলা বেস্যা বিদ ভূনগরে। যে ধর্ম্ম সিখি
ল তাহা কহিব গোচরে ।। এক দিন মুক্তি কৈল সৈরিন্দ্রি
পিঙ্গলা। ধন কাম লোভে বেস্যা হইয়া ব্যাকুলা।। সঙ্কে
ত করিল এক সাধুর দুয়ারে। আভ্বান করিল তারে আ
সিতে মন্দিরে।। রজনি সময় জেই দিল দরশণ। বসনে
ভুষণে অঙ্গ করিবি ভুষণ।। ঘর হইতে বাহির বাহির হৈ
তে ঘর। এই রূপ করি বেস্যা ফিরে নিরন্তর।। এই আই
সে কান্ত মোর হইয়া প্রসয়। কত আইসে কত জায় নাহি
ক নিশ্চয়। এইমত চিন্তার্ম্ভিত হইয়া পিঙ্গলা। ছট ফট
করে বেস্যা হইয়া আকুলা।। অর্দ্ধ নিসা বহি ভুত এমত
প্রকারে। হেন কালে বৈরাগ্যতা জন্মিল অন্তরে।। ধিক২
ধিক মোর ধিক মম আশ। ব্যেথা লোভে আপনার কৈ
ল সর্ব্ব নাশ। অসাস্ত পুরুষ তারে কান্ত বুদ্ধি করি। বৃথা
কাল গেল মোর ধন আসাধরি। শ্রীকৃষ্ণ উত্তম কান্ত সর্ব্ব
ফল দাতা। সর্ব্ব লোক গতি পতি বিধির বিধাতা। সকলে
র আত্তো হন রূপের মুরারি। এহেন জগৎ পতি দূরে প
রি হরি। কৃষ্ণ পতি স্ফূর্ত্তি যেই হইল তার মনে। সরণ ল
ভিল বেস্যা শ্রীহরি চরণে।। তেজিয়া দুরাসা বেস্যা শ্রীকৃ
ষ্ণে ভজিল। পিঙ্গলা দেখিয়া আমি সেধর্ম্ম সিখিল।।

২৩ গরুড় পক্ষ।

যতি হয়্যা যেইজন করএ সঞ্চয়। অবস্য জানিবে তার
প্রানের সংসয়।। তাহার দৃষ্টান্ত এক করি নিবেদন। আ

ছিল গড়ুর পক্ষ গহন কারণ। খাদ্য দিয়া পেয়াপক্ষচঞ্চু মধ্যে রাখে। হেন কালে অন্য পক্ষ দেখিল তাহাকে॥ হরিয়া গড়ুর পক্ষ মাংস লৈয়া জায়। তারে মারি অন্য পক্ষ মাংস লৈয়া খায়। সেই হেতু সংযোগ উদযোগ নাহি করি। নিজ সুখে থাকি মুই চিন্তা পরিহরি॥

২৪ ডিম্ভক অর্থাৎ বালক।

অভিমান অপমান কিছু নাহি গণে। এশ্বর্য্য শিখিলমুই বালকের স্থানে। চোর অগ্নি মৃত্ত্ব ভয়ে নাহি করে ত্রাস। উদর পুরণে থাকে মনের উল্লাস। ভাগবৎ আচার্য্যে স্মোরি শ্রীচরণ। চরিব ভক্তের তত্ত্ব সংক্ষেপ বর্ণন॥

অথ নামা গুপ্ত প্রাপ্ত।

আছিল ধার্ম্মিক কৃষ্ণ ভক্ত দ্বিজ বর। হৃদি মধ্যে কৃষ্ণ নাম জপে নিরন্তর॥ প্রকাশ করিয়া নাম নাকরে গ্রহণ। সদানন্দে থাকে চিত্ত হইয়া মগণ। লোকে জানে হরিনাম বিপু নাহি করে। নিন্দা করে সভে তার পত্নির গোচরে॥ হইয়া মানব জন্ম তাহাতে ব্রাহ্মণ। নাম গান নাহি মাত্র উদর পালণ। শুনিয়া ব্রাহ্মণি তাহা বেথিত হইল। ব্রাহ্মণ নিকটে গিয়া কহিতে লাগিল॥ ধিক২ বিপ্র তব জন্ম গেল বৃথা। ব্রাহ্মণ হইয়া নাহি কহ কৃষ্ণ কথা। শুন অবোধিনি পত্নি কহিয়ে তোমারে। ভব ধর্ম্ম নহে শিক্ষা করাইতে আমারে॥ ক্রোধ করি তার পত্নি কহিল ব্রাহ্মণে। নাম নাহি লহ যদি তেজিব পরাণে॥ মর্ম্ম ছেদ কথা শুনি কাতর ব্রাহ্মণ। এত দিনে কৃষ্ণ মোরে কেনে বিড়ম্বন॥ হে গোবিন্দ চিদানন্দ আছিলা অন্তরে। কিযোগে হৃদয় না

থ হদি জাবে ছেড়ে ॥ অথ নামাগত প্রাণ ॥

এতেক কহিয়া দ্বিজ করিয়ে আপন । কৃষ্ণ২ কৃষ্ণ বলিতে জিল জিবন ॥ তাহা দেখি গ্রাম বাসি হৈয়া চমৎকার । ধন্যহে ব্রাহ্মণ ভক্ত মহিমা অপার । অন্যের হৃদয় ভক্ত অ ন্যে নাহি জানে । জপ যেছে নিজ মুনি রাখয়ে গোপনে ॥

অথ নাম মাহাত্ম্য

শুনহ২ অরে মোন করি নিবেদন । সদা রাম কৃষ্ণ নাম কর হ ভজন ॥ শ্রীকৃষ্ণ নামব্রহ্ম সর্ব্ব মুলাধার । সর্ব্ব সক্তি দি লা নামে করিয়া সঞ্চার ॥ সত্যত্রেতা দ্বাপরেতে হোম য জ্ঞ দান । কলিযুগে সর্ব্ব সিদ্ধ লইলে কৃষ্ণ নাম ॥ পূজা হোম জাগ জজ্ঞ আছয়ে নিয়ম । নাস্তি কালা কাল নাম করিতে শ্বরণ ॥ হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ২ হরেহরে । হরে রাম হরে রাম রাম২ হরে হরে ॥ সদা হরে কৃষ্ণ রাম কর হ ভজন । ভজিলে পাইবে হেলে ব্রজেন্দ্র নন্দন ॥ অচিন্তনা মের সক্তি কেকহিতে পারে । আগম নিগম বেদে নারে বর্ণ্তি বারে ॥ সুমেরু সমান করে সুবর্ণ্ণ প্রদান । প্রয়াগে মকরে করে ত্রিবেনিতে স্নান ॥ ধেনুব২ শত কোটিকরে সম্পদান । তথাপি নাহয় তুল্য নামের সমান ॥ মধুর হ ইতে নাম বড়ই মধুর । মঙ্গলের মঙ্গল হয় মঙ্গল প্রচুর ॥ হেলায় শ্রদ্ধায় জদি কৃষ্ণ নাম লয় । সদামাত্র কৃষ্ণনাম স র্ব্ব পাপ ক্ষয় ॥ অপার সংসার নামে হেলে পারহয় । স মূল সহিত সর্ব্ব ব্যাধি পাপ ক্ষয় ॥ বিপদ বিনাশে শেষে কৃষ্ণ ভক্তী পায় । রোগ রোগি তাপ পাপ দুরেতে পালায় ॥ জগা রাত্রি পড়ে যেছে পরমে আনল । তেঁছে পাপ পুড়ি

সেই হয় সুনির্ম্মল ।। সরতে সিসিরে করে সুনির্ম্মল নির
তেমতি করএ নাম নির্ম্মল সরির ।। এক কৃষ্ণ নাম লৈলে
জতো পাপে মুক্তি । ততো পাপ মহা পাপী করিতে অস
ক্তী ।। প্রভু হইতে শ্রেষ্ট প্রভুর নামের মাহাত্ত্য । পঞ্চ বক্ত
সদাশিবজ্ঞানের মাহত্ত্য ।। আপনে ভাঙ্গিলা প্রভু শিব গা
ণ্ডিব বাণ । ভব ভয় ভঞ্জে ভক্ত লয়ে কৃষ্ণনাম । অর্জুন সুগ্রি
ব হরি বিভিষণ সখা । নাম্ব দিন বন্ধু কতো নাহিতার লে
খা ।। সত্য ভামা ব্রুতে কৃষ্ণেত্তলনা করিতে । নানারত্ন জত্ন
করি ধরিলা তুলাতে ।। এক দিগে নাম থুইলো আর দি
গে হরি । উঠালেন বিশ্বম্ভর নাম হলো ভারি ।। স্বয়ং ভগ
বান সিন্ধু করিলা বন্ধন । ভব সিন্ধু সুসে ভক্ত করিয়া স্ম
রণ ।। প্রভু নিজে করিলেন অহল্যা উদ্ধার । নামেতে অন
ন্ত কোটি পাপীর নিস্তার । সাস্তি শনি পুত্রছিলো জমের
সদনে । জমের নিকট হইতে আনিলা আপনে । নাম ল
য়ে বহু ভক্ত সমন জিনীলো । নাম সব্দ সুনি জম দুরে পা
লাইলো । তাহার দৃষ্টান্ত অজামিল উপাক্ষাণ । পুত্র ভা
বে নাম লয়ে পাইলো পরিত্রাণ । উলটীয়া নাম করেম
রা২ ধ্বনি । বাল্মীক মরাজপী হলো মহামুনি । সাটিহাজা
র বর্ষ পরে রাম অবতার । বাল্মীক গ্রন্থপুর্ব্বে করিলা প্রচা
র । নাম লাগি জোগিসদা সিব পঞ্চানন । অনন্ত জপাতে
নাম অনন্ত বদ্যণ । বিরাঞ্চিনারদ সুক উদ্ধরেতা গণ । সা
রদা গনেস নারে করিতে বর্ণ্ণন । নামের মহিমা গুন ক
হিতে অপার । নাম লাগি শ্রীকৃষ্ণ চৈতন্য অবতার ।

অথ ছদ্ম বেশ ধারি সপচ সাধু ।

আছিল স্বপচ এক অরন্য ভিতর। তাহার পদারবৃ
ন্দে প্রনতি বিস্তর॥ রাম অবতার অগ্রে জনম তাহার॥
তাহার চরিত্র কিছু করিব প্রচার। নিশি অব সানে করে
পথ সংমর্জ্জন। জেই পথে স্নানে মুনি করেণ গমণ॥ তা
হা দেখি মুনি এক সন্তোষ পরাণ। কৃপাকরি তারে মন্ত্রক
রিলা প্রদাণ। মন্ত্র দিয়া উপদেশ করিলা তাহারে। সাধণ
করিবে মন্ত্র পরম সাদরে। ত্রেতা জুগে রাম চন্দ্র ব্রহ্ম স
নাতন। অজুধ্যা নগরে প্রভু লইবা জনম। পিতৃ সত্য লক্ষে
জিবে করাতে নিস্তার। অহল্যা রাবণজন্য করিতে উদ্ধার
আসিবেন রাম চন্দ্র গহন কারণ। সেইকালেরাম চন্দ্র পা
বে দরশণ। মন বাঞ্ছা সিদ্ধ হবে দেখি চান্দ মুখ। ঘুচিবে
সকল দুঃখ পাবে মহা সুখ॥ এত বলা গুরু তার হল্যা অ
ন্ত ধ্যান। গুরু মন্ত্র জপে সাধু হইল দিব্য জ্ঞাণ॥ পথ সং
স্কার হেতু পাইল হেন ধন। সেই লোভেপুন পথ করে সং
মার্জ্জন॥ দৈবে এক ঋষি পথে স্নান করা জায়। তাহার
অঙ্গের ছায়া লাগে ঋষী গায়॥ অঙ্গ ছায়া পেয়া ঋষী স
ক্রোধ অন্তরে। স্নান করা বারে গেলা পুন সরোবরে॥ জ
ম শুদ্ধের জল জলে জখন ফেলিল। রুধির সক্রিয়া নীর
সরোবর হল্য॥ তাহা দেখা মুনি হৈল বিষয় বদন। স্বপ
চের অঙ্গ ছায়া বুঝায়ে কারণ॥ এই রূপ আপ্ত চিত্তেকরি
য়ে জোজনা। স্থানান্তরে গেলা মুনি করিয়ে ভাবনা॥

অথ স্বপচ সাধু।

জখন শ্রীরাম সিতা সহীত লক্ষ্মণ। রাবণেরবধ লাগি
বনে আগমন॥ ঋষী মুনী গন গেলা রাম ভক্তি ধ্যান।

মুখে আশীর্বাদ করে অন্তরে প্রনাম ॥ তপস্যার ফল রা
ম এতোদিনে হলো। বহু স্তুতি করী রাম চন্দ্রেরে ভসি
ল ॥ তবে সেই শবরী কহে রাম দরশন। জলের বিত্যন্ত
আর সপচ কথন ॥ শুনা রাম ভগবাণ ভকত বৎছল। স
পচ কোথায় আছে জাব তার স্থান ॥ শবরী জান রামচন্দ্র
সঙ্গেতে লইয়া। জানকী লক্ষণ সহ চলিলা যাইয়া ॥ সপ
চ নীরখি শীতা শ্রীরাম লক্ষ্মণ। দণ্ড বত হৈয়া পুজে শ্রী
রাম চরণ ॥ তথা ভক্ত রূপে জীবে করো পরিত্রাণ। গুরু
বাক্য সত্য আজ্ঞা করীলা শ্রীরাম। গুরু বাক্য নিত্য আহা
শুনেছি পুরাণে। প্রতক্ষ হইলো তাহা দেখি নয়নে ॥ পা
দ্য অর্ঘ দিয়ে ভক্ত করয়ে বন্দন। বন পুষ্প দিয়া পুজে
রাঘব চরণ। তবে ঋষী গণে পুজে বিবিধ বিধানে। বহুদা
ন পরে পুত্র দীপ্য দরশনে ॥ শ্রীরাম চন্দ্র সপচ দেখা দি
ল আলিঙ্গণ। তোমার কারণে মোর এবনে গমন ॥ রা
ম চন্দ্র মুনী গণে বিনয় কয়। বড় প্রিয় ভক্ত মোর সপ
চ তনয় ॥ ইহার চরণ দক দেহ ফেলি জলে। নির্ম্মল হই
বে জল দেখিবে সকলে। শুনি সেই মুনি পাদদক তার লৈ
ল। জলে দিবা মাত্র বারি নির্ম্মল হইল ॥ ধন্য রাম চন্দ্র
তব ভক্তের মহিমা। বেদজ্ঞ তপস্বি হৈয়া দিতে নারি সি
মা ॥ শ্রীভাগবতে ॥ বিপ্রাদ্দী সড় গুণজুত দরবিন্দ
নাভ পদার বৃন্দ বিমুখাৎ শ্বপচং গরিষ্ঠ। ইতি

অথ মাধব দাষ।

মাধব নামেতে একছিলা হরীর দাস। জগন্নাথ ক্ষেত্রে
বহু কাল করে বাস ॥ পিড়ীত উদর রোগে কাতর হইয়া

প্রভুর মন্দির দ্বারে থাকয়ে পড়িয়া ।। একেত দুর্ব্বল তা
হে স্নিগ্ধেতে কাতর । ওদর বেদনা রোগে করে ধড় ফড় ।।
সিংহ দ্বারে থাকে সদা পড়িয়া ধুলায় । গায়ের গন্ধে
সব লোক দূরেতে পালায় ।। এইমত থাকে সাধু বাহির
মন্দিরে । অন্তর্যামি জানিলেন আপন অন্তরে ।। রাত্রে
নিজ বস্ত্র প্রভু তার অঙ্গে দিল । বস্ত্র পর্শে তার দুখ দূরে
পলাইল । প্রভাত হইল আইল পরি হারি গণ । প্রভুর অ
ঙ্গের বস্ত্র মাধব বদন ।। দেখিয়া বিস্ময় তাহে জিজ্ঞাসে বি
রলে । প্রভুর গাএর বস্ত্র কেমতে পাইলে ।। তিঁহো কহে
মহাশয় নাজানি কারণ । পুরি বাসি শুনি হইল বিস্ময় ব
দন । ধন্য২ জগন্নাথ ভকত বচ্ছল । ধন্য মাধব তব জনম
সফল ।। দিন বন্ধু কৃপা সিন্ধু প্রভু জগন্নাথ । এদাস বিনো
দে করহ ভ দৃষ্টি পাত ।।

শ্রী৺ জগন্নাথ দেবের কেশ পক্ক ।

আছিলা ব্রাহ্মণ এক প্রবিন বএস । জগন্নাথে নিত্ত মা
লা পড়ান হরিসে ।। তাহার ভাগ্যের কথা কে কহিতে জা
নে । পক্ক কেশ ধরি হরি তাহার কারণে । স্নান করি রাজা
জান প্রভুর দরশনে । সেই কালে মালা প্রসাদ করেণ গ্রহ
ণ ।। দৈবে একদিন রাজা বিলম্ব জাইতে । বিপ্রমালা পড়ি
লেন আপন গলাতে ।। কতক্ষণ পরে রাজা গেলা দরশ
নে । রাজ আগমন বিপ্র দেখিল নয়নে ।। সসব্যে হৈয়া
মালা খুলে গলা হইতে । নৃপবর দূরে হইতে পাইল দেখি
তে ।। জগন্নাথ পাদ পদ্ম বন্দনা করিয়া । দাণ্ডাইয়া রহে

রাজা কৃতাঞ্জলি হৈয়া ।। হেন কালে বিজ্ঞ বিপ্র আসা লৈ-
য়া হাথে । আসা প্রসাদ দিল আনি রাজার গলাতে । মা-
লাপেয়া নৃপবর বিশ্ময়বদন । মালামধ্যে পক্ক কেস করে
নিরক্ষণ । পাকা চুল দেখি রাজা জিজ্ঞাসে ব্রাহ্মণে । মালা
মধ্যে পক্ককেস হইল কেমনে ।। দ্বিজবর নৃপেকয় ভাবিয়া
আপনার । চুল পাকা আছে [illegible]প্রভুর মাথার ।। অদ্য রাত্রর
বন্ধ এও করুণ বিশ্রাম । প্রভাতে দেখিব আসি ও চাঁদ ব-
য়ান । কেসবের পক্কতা হৈয়াছে কত কেস । অদ্য গুহে জা-
ই কন্যা দেখিব বিশেষ ।। এত বলি রাজা গেল নিজ নিকে-
তন । কি হবে বলিয়া বিপ্র ভাবে মোনে মন ।। নিজ মালা
পড়ি নিপে কহি মল্লাবানি । সঙ্কট রক্ষক জগন্নাথ চিন্তা-
মুনি ।। তুমিতো ব্রহ্মণ দেব মোযড় অধম । এসঙ্কটে রক্ষা
কর শ্রীমধুসুদন ।। নৃপ প্রাতে আসি কহে সক্রোধ বার্ত্ত-
তা । কেস বের কত্তো কেশ হইয়াছে পক্কতা ।। রাজ ভএ বি-
প্র করে দ্বার বিমোচন । প্রভুর অঙ্গুল পক্ক করে নিরক্ষণ
দেখিয়া বিশ্ময় রাজা ভাবএ অশেষ । পক্ক কেস ধারি কি-
সে হলে অবি কেস ।। নিত্ত নব নবরূপ নবিন কিশোর ।
এহকার নাগী বিষ্ণু হইলা গোপি মোন চৌর ।। বহুস্তুতি ক-
রি রাজা করে পুনি পাত । ক্ষেম অপরাধ মোর প্রভু জগ-
ন্নাথ ।। দ্বিজ পদ ধরি স্তুতি করিয়া বিশেষ । তব লাগি প্র-
ভু কে[illegible]ধ[illegible]রি পক্ককেস ।। তুমি জ্ঞান জগন্নাথ নাথ জানে
তো[illegible] । সাক্ষাত দেখিল তাহা নয়ণ গোচরে ।। তব আ-
গে এই ভিক্ষা মাগে অকিঞ্চন । অন্তে জেন দেন হরি রাঙ্গা-
ঙ্গ চরণ ।।

অথ মিরাবাই ।

ত্রিপদী। কৃষ্ণ নিষ্ঠ মিরাবাইঃ তার কিছু গুণ গাইঃ শুনস
ন্তে করি নিবেদন ॥ সদা সাধু সেবারতঃ মন সদা সাধুগ
তঃ ভক্তি ভাবে বন্দিয়ে চরণ। সাধু সেবা করে সতিঃ দে
খিয়া তাহার পতিঃ নির বাধি সক্রোধ অন্তর ॥ অনেক নি
ষেধ করেঃ তবু সেবা নাহি ছাড়েঃ পতি এই ভাবে নিরন্তর
বিষাদ, অন্তরে হৈয়াঃ উপ নাহিক পেয়্যাঃ ইচ্ছা কৈল
বধিতে জিবন। মনে এই যুক্তি ধরিঃ বিষ আওজন করিঃ
জল সহ করিল মিলন। দিয়া তুলসির দলঃ গরল মিছি
ত জলঃ পাঠা প্রসাদ ভোজন করহ। সে আজ্ঞা বলিয়া স
তিঃ হৈয়া হরষিত মতিঃ পুলকিত হলো তার দেহ। মিষ্ট
জল কষ্টে শুনিঃ তাজ অন্ন নাহি জানিঃ শ্রীগোবিন্দে অ
র্পন করিল। অন্তর্যামি জগত্রপতিঃ হৈয়া সসব্যেস্ত অতি
অন্তরিক্ষে বিষ পান কৈল। বিষ পান কৈল জবেঃ পতিক
রে অনু ভবেঃ মৃত্যু ইহার হইবে নিশ্চয়। মিরা করি বিষ
পানঃ হরি হরি গুণ গানঃ প্রেমে হইল পুলক হৃদয়। তাহা
দেখি তার পতিঃ হৈয়া বিশ্বয় মতিঃ মনেতে আশ্চার্য্য গ
নিয়া। পুনঃ২ প্রনমিয়াঃ তোরে কিছু নিবেদীয়াঃ ক্ষেমদো
শ মোরে নিরখিয়া ॥ তব গুণ কিবা জানিঃ তুমি কৃষ্ণ পরা
য়ণাঃ ধন্য প্রিয়া সার্থক জিবণ। তব সঙ্গ পেয়া আমিঃ ভব
ভয় নাহি গনিঃ অনায়াসে জিনিব সমণ।

অথ ব্রহ্মা বক্কা ব্যাধ।

চরিত্র।

পয়ার। ব্রহ্মাবক্কা নামে ব্যাধ বড় শুদ্ধ মতি। তাহার প
দেতে মোর অসংখ্য প্রনতি ॥ বাহ্যজ্ঞান নাহি তার ধর্ম্ম প

রায়ণ । মাংস বিক্রি করি করে উদর পালন ।। সাল গ্রা
ম পরি যাবে ক্ষত মাংস ধরে । খালায় তক্তার সমতুল্য
বিক্রি করে ।। এক ঘাট থারা তার এসাল গ্রাম । ঠিক তা
ও মাত্র তার শিলা পরি যায় ।। এই বিক্তি করি লোকে ক
রে কাল ক্ষয় । হরি গুণ গানে থাকে প্রসন্ন হৃদয় ।। এক
বিপ্র সাল গ্রাম দেখি তার বিপ্রের অন্তর মধ্যে উ
পজিল ত্রাস ।। তবে বিপ্র সবিনয়ে ব্যাধ প্রতি কয় । দেহ
মোরে এই শিলা হইয়া সদয় ।। জে আজ্ঞা বলিয়া শিলা
বিপ্র হস্তে দীল । সাল গ্রাম পেয়া বিপ্র নিজালয় গেল ।।
পঞ্চ গব্য ধুপ দিপ সুগন্ধি চন্দন । নানাজাতি পুষ্পগন্ধ
করিল অর্পণ ।। নিশা যোগে সাল গ্রাম কহেন ব্রাহ্মণে ।
মোর সুখ ভঙ্গ কৈলে কিসের কারণে ।। বড় সুখে আছি
লাম ব্যাধের মন্দিরে । নিরবধি দোলাইত্ত তরাজু উপরে
জদি নিজ শুমঙ্গল চাহ দ্বিজ বর । ব্যাধের আলয়ে মো
রে রাখহ সত্তর ।। সপ্ন দেখি দ্বিজ বর অত্যন্ত কাতর । গ
লে বস্ত্র দিয়া স্তব করেণ বিস্তর । অচিন্ত্য মহিমা তব কে
পারে জানিতে । বড় হয়া যয় ক্ষাম নাপারি চিন্তিতে । ব
হু স্তুতি করি নিল মস্তক উপরে । সালগ্রাম লয়া গিয়া দি
লেন ব্যাধেরে । ঋষি পুনঃ বান ব্যধ ধন্য তব মতি
ভাবে বসি ভুত অখিলের পতি ।। আমার চরিত্র শুনিলা
ভেব দ । লেহ নিজ সাল গ্রাম ক্ষেমি অপরাধ । জে
তের বি র নাহি প্রভুর নিয়রে । যেই জন ভজে কৃষ্ণ সেই
ই জন তরে ।।

অথ মিরাবাই ।

দ্বিতিয় কথা ॥

বিতিয় চরিত্র তার শুনহ কথন। তার পর মিরাবাই গেলা বৃন্দাবন ॥ বৃন্দা বন ধামে গিয়া মনের হরিসে। নিরবধি রহে কৃষ্ণ গুণানু আবেসে ॥ কৃষ্ণ নন্দে দহে সঙ্গিনা হি অন্য জ্ঞান। কৃষ্ণ নাম জপে আর কৃষ্ণ মূর্ত্তি ধ্যান। পরম বৈষ্ণব রূপ গুণের ম রা পূর্ব্বে বৃজে ছিলা জিহো শ্রীরূপ মঞ্জরি। গৃহ পারি হরি বৃন্দা বনে করে বাস। নিত্য কৃষ্ণ লিলা বৃজে করেণ প্রকাশ ॥ এক দিন মিরাবাই করিল মনেতে। শ্রীরূপ সমিপে জাব দরশন করিতে ॥ নিজ দাসি প্রতি বাই কহিল বচন। শ্রীরূপ গোস্বামি পাষ করহ গমণ। প্রনতি মিনতি তাকে জানাবে আমার। তাহার দরর্শণ বহু বাষনা আমার ॥ জদি আজ্ঞা দেন তবে আমি জাই তথা। শ্রীরূপ গোস্বামি পাষ জাহ সিঘ্রগতি জে আজ্ঞা বলিয়া দাসি করিল গমণ। মিরার বাসনা রূপে কৈল নিবেদন। শুনিয়া দাসির মুখে শ্রীরূপ গোসাঁই। স্ত্রিসঙ্গ আলাপে মোর প্রওজন নাই। প্রকৃতি সহিতে জদি পুরুষ করয়। দারুর প্রকৃতি হলে মনহরে লয় ॥ পরের রমনি কাল নাগিনি সমানে। ঘ্রাণ মাত্র মূর্চ্ছা করে অন্য নাহি মানে। পরনারি সঙ্গ লাগি মনেকরে আশ। পর নারি ইচ্ছা হেতু রাবণ বিনাস ॥ গুপ্ত হৈয়া করে হিন্দুর গুল ভক্ষণ। অবশ্য প্রকাব ঘ্রাণ নাহয় গোপণ ॥ অতএব স্ত্রী সমিপে নাহি প্রওজন। এই কথা তারে গিয়া করো নিবেদন ॥ জেই মাত্র শ্রীরূপ কহিল এইকথা। লজ্জিত হইল দাসি হেট্ট কৈল মাথা ॥ বিসাদ ভাবিয়া গেলা মিরা

সর্ব্বি ধ্যানে। নিকট জাইয়া তার কহে বিবরণে॥ শুনিয়া ধ্যানির মুখে হাসে বহুতর। পুনঃশ্লোক দ্বারে তারেপাঠা ল উত্তর। আমি জানি এক পুরুষ আছে জগমাঝে। দ্বিতিয় পুরুষ ছলি ধরি লোকলাজে॥

অথ মিরাবাই।

কেবল শ্রীকৃষ্ণ সেই পুরু[illegible]ণ। জাহার আজ্ঞায় সৃষ্টি প্রলয় রচণ॥ তিহোঁ ভক্ত অন্য পুরুষ কে আছে জগতে। ইহার বিচার গোসাঁই করহ অগ্রেতে॥ জেই মাত্র এই কথা শ্রীরূপ শুনিল। অস্ত বেস্তে হৈয়া গোসাঁঞি সত্বরে চলিল॥ মিরার নিকটে গিয়া কহে জোড় পানি। ধন্য হইয়া দোষ ক্ষেমহ আপনি॥ পরম বৈষ্ণবি তুমি সতি পূন্যবতি। তব তত্ত্ব নাহি জানি অধম দুর্ম্মতি॥ বহু স্তুতি করি বাই প্রবোধিলা রূপে। দোঁহে প্রেমে মত্ত হৈলা শ্রীকৃষ্ণ আলাপে॥

অথ কবির।

ভক্তি ভাবে প্রনমিব কবির চরণে। তাহার মহিমা গুণ কেকহিতে জানে॥ বসন নির্ম্মাণ করি করয়ে বিক্রয়। নির্লোভি উদার চিত্ত সন্তোষ হৃদয়। বস্ত্র বিক্রি করি তি [illegible]জত মূল্য পায়। দুই অংস করি নীজ কামনা পুরায়। অর্দ্ধেক মূল্যেতে করে সাধুর সেবন। অর্দ্ধেক মূল্যেতে করে জঠর ভরণ। এই রূপ প্রতি দিন করয়ে কবির। আকিংখ্যা রহিতে থির পরম গম্ভির। অতি ধন্য [illegible] ধন্য মুখে সাধু কথা। রাম গতচিত্ত অন্যানির মান দাতা॥ এক সাধু প্রান্তে দুই পরেষ পাথর। উপনিত হৈল আসি কবি

রের ঘর। দেখীয়া কবির সাধু সংভ্রমে উঠীল। পাদ্যঅর্ঘ্য দিয়া সাধুর অর্চনা করিল। আজা মোর ভাগ্য বড়দিলে দরশন। বহু ভাগ্যে মোর গৃহে কৈলে পদার্পণ॥ দরিদ্র কবির অতী দেখি সাধুবর। কৃপাকরি দিলা এক পরেশ পাথর। অহ এই রত্ন ভক্ত করিয়া জতন। লোহা পাইলে হবে অনেক কাঞ্চন।

অথ কবির।

সেই ধনে সাধু সেবা করিবে সাদরে। ওদর পালীবে সুখে দুঃখ জাবে দূরে। তথাস্ত বলিয়া ভক্ত কহে জোড় করে। পরেশ রাখহ প্রভু চাকের উপরে। অগ্রেতে কিঞ্চিত জল করহ ভক্ষণ। তবে মোর হয় প্রভু সফল জিবন। আহারের নাহী ইচ্ছা তব দরশনে। আইলাম তব গৃহে দুঃখ নিবারণে। চাকের উপরে রাখি পরেশ পাথর। সাধুবর কৃপাকরি গেলা স্থানান্তর। পরেশ পাথর রত্ন করি অপ হেলা। হরিনাম জপে সাধু হইয়া বিভোলা। সম্বচ্ছর পরে সেই সাধু মহাশয়। পুন আইলেন সাধু কবির আলয়। সেই রূপ দশা দেখি জিজ্ঞাসে কবিরে। পরেশ থাকিতে দুঃখ নাহি গেল দূরে। কোথায় পরশ মুনি আমি নাহি জানী। কোথা রেখে ছিলে প্রভু দেখাহ আপনি। তবে সাধু দেখে সেই কোলঙ্গার ভিত। উই মিত্তি কাটে সুনা করেছে বেষ্টিত। আনিয়া পরেশ সাধু রাখএ সম্মুখে। পরেশের গুণ তুমী দেখহ প্রত্যক্ষে। পরেশ মহিমা ভক্ত তুমি নাহি জান। সুবর্ণ করিএ দিয়ে কিছু লোহ আন। এতেক শুনিয়া লোহ জত্নেতে আনিল। পরেশপাথর সা

য় জোরেহে ছোঁয়াইল । পার্শ মাত্র লোহ হৈল কাঞ্চন বরণ
কর জোড় করি ভক্ত কয়ে নিবেদন । তোমার পরেষ কত
লোহ রত্ন নয় । আমার পরেষ পর্শে পরেষ মুনি হয় । এ
ত শুনি সাধু বর জিজ্ঞাসে কবীরে । তোমার পরেষ মুনি
দেখাহ আমারে । যে আজ্ঞা বলিয়া কবির কহে জোড় ক
র । দেখাইব মোর মুনি আনহ প্রস্তর ।

অথ কবির ।

কবির বচন শুনি ঈশদ হাসিল । প্রস্তর আনিয়া তার
সমক্ষে ধরিল । হরি বোল২ হরি বোল তাসে । হরি না
ম ধুনি সঙ্গে প্রস্তর পরশে । হরি হরি বলি জেই পাথর ছু
ইল । প্রস্তরের তেজেতে পরেষ লুকাইল । দেখ২ মহাশ
য় শুন মোর বানি । নিরাময় নিত্য সত্য নাম রত্ন মুনি ।
হরা খীতী হয় সর্ব বিপদ নাশীনা । সমন সহীত রোগ
শোক বিনাশীনী ।

অথ চটক চটকী ।

চটক চটকী ছীল দারাদের চালে । সন্তান সহিত বাস
ছিল সতকলে । স্থানান্তরে জাই বয়েকরীল বীচার । কে
মতে শুধির মোরা গৃহস্থের ধার । জন্ম বধী গৃহস্তের না
হী কাছু ধন । দরিদ্রাতা কিরূপেতে হইব শুজন । বাঁন উ
পাদারে গৃহ তেজাব কেমনে । তবে মন্ত্রী করা চটা কহে
পরী জনে । জীক্ষুকে নাপাইভিক্ষা দারাত্রশুভাবে । ভেক্য
ধনে ব্রাহ্মণ অতিথ নাহী সেবে । দানেতে দুর্গতী নাসে
সাস্ত্রের কথন । কেমতে করীবে দান মূলে নাহী ধন । এ
তেক চাত্তায় পক্ষ মধ্যে করী যুক্তী । ইহার উপায় তব পা

ব করি উক্তি ॥ এক্ক দোষে গাএ জলে আদ্রব করিয়া ॥ গুহ
রু তণ্ডুল গায়ে লাও লাগাইয়া ॥ অতিথ ব্রাহ্মণ সেবা
জে, হ্লাদে হয় । গাএ ঝাড়ি ফেলে চাক প্রসন্ন হৃদয় । দু
চারি চাক হল ভাণ্ডারে পতন । ব্রাহ্মণ অতিথ মুখে হ
হল হরণ ॥ এই রূপ উপকার করে পক্ষ জাতি । সেই পু
ন্য বলে ধন বাড়ে নিতি নিতি । কথদিন পরে তার দারি
দ্র ঘুচিল । তাহা দেখি পক্ষ দোহার আনন্দ বাড়িল । দে
খ হল দানে হলধারি দু ভঞ্জন । জ্ঞানে কয়েতার বস লক্ষি
নারায়ণ ॥

অথ কপোত কপোতি ।

শুক সারি পক্ষ ।

কপোত কপতি ছিল ভিতর গহন । অতিথের সেবা
লাগি তেজিল জিবন । তাহার বিত্তান্ত কিছু শুনমন দিয়া
দিব্যজ্ঞান জন্মে ইথে স্পষ্ট হবে হিয়া ॥ দম্পতি সহিত প
ক্ষ বনের মাঝারে । সুখে বাস করি রহে বৃক্ষের উপরে ।
দৈবে একদিন মাঘমাস সিত কালে । মেঘাচ্ছন্ন জল বৃ
ষ্টি হইল অকালে ॥ এক ব্যাধ গিয়া ছিল মৃগয়া করিতে
ঝড় বৃষ্টি পাতে গৃহে না রিল আসিতে ॥ পক্ষীগণ আছে
সেই বৃক্ষের উপরে । তাহার তলায় ব্যাধ আইল সত্তরে
সিতেতে কাতর হয়ে কম্পে কলেবর । খুধায় আকুল হৈ
য়া অত্যন্ত কাতর ॥ কপোত কপোতি দেখি ব্যাকুল হই
ল । অতিথ দ্বারস্থ আজ অভুক্ত রহিল ॥ একেত ক্ষুধার্ত
তাহে সিতে অঙ্গ কাঁপে । পক্ষ মনে চিন্তে ধর্ম্ম থাকিবে

ত্রি রূপে ॥ ত্রিপুরাষ যুক্তি করি অগ্নি স্থানে উঠে । সেই অগ্নি জ্বেলি দিল অতিথ নিকটে ॥ তরে নিজ বাসা ঘর করিয়া ভঞ্জন । জ্বেলাইয়া দিল বাসা কাষ্ঠের কারণ ॥ কপোত অগ্নি প্রদেশে ব্যাধ সন্তোষ হইল । অগ্নি প্রজ্বলিত করি শি নিবারিল । শিত নিবারণ দেখি কপোত কপোতি । আহার লাগিয়া দোহে করিল আকুতি ॥ পক্ষ কহে শুন প্রিয়া কহি বিদ্যমানে । সপুত্র সহিত বাস করি এই স্থানে । আমি নিজ দেহ ঢালি অগ্নির মধ্যেতে । অতিথ খাইবে মাংস পরম সুখেতে ॥ কপোতিনী কহে আমি হব অনাথীনি । আমা মনে পাবে নাথ অনেক রমনি ॥ এই রূপ বাক্য ব্যায় করেণ দোহেতে । ঝাঁপ দিয়া দুই পক্ষ পড়িল অগ্নিতে ॥ অগ্নিতে পড়িয়া দোহে পরাণ তেজিল । দোহাকার মাংস ব্যাধ ভোজন করিল ॥ কপোত কপোতি জেই পরাণ তেজিল । স্বর্গেতে দুন্দুভি বাদ্য বাজিতে লাগিল ।

অথ সুক আরি পক্ষ ।

বৈকুণ্ঠ হইতে আসি প্রভু ভগবান । শুভ দৃষ্টি পাতে পক্ষী পাইল পরাণ ॥ চতুর্ভুজ হৈয়া গেলা বৈকুণ্ঠ ভবন । জয় জয় ধ্বনি করে জত দেব গণ ॥

অথ ব্যাধ রূপ ।

আছিল ব্রাহ্মণ এক পাপ পরায়ণ । সুরাপান করে আর বিশ্যানী গমণ । পিতা মাতা অজুক ত্যাগিয়া নিজ ঘরে বিশ্যানি লইয়া গেলা অরন্য মাঝারে ॥ দুই জনে রহি বনে করে নানা পাপ । সদা উন্মত্ত থাকে অসত আলাপ । এইরূপ দুই জনে বনে করে বাস । এক সাধু দৈবাধিণ গে

তাতার পাশ॥ সাধু কহে শুন রাজা করি নিবেদন। এক
জন গাঁজা মোরে করহ বিতরণ॥ শুনিয়া সাধুর কথা
হনিমিদন। এখানে হইতে দূরে করহ গমন॥ সুখের
নেতে ভরিবনে আগমন। নিলজ আসিয়া দুখ করেনি
রায়ণ॥ এই রূপ তিরস্কার করি সাধুপ্রতি। শুনিয়া তাহা
র নারি কহে মিথু প্রতি॥ উপ পাত্র প্রতি নারে করে নি
বেদন। কিঞ্চিৎ গাঞ্জিকা দেহ করিতে ভ্রমণ॥ বেন্যারা অ
দেশে কিছু লজ্জিত হইয়া। যাও বলি গাঁজা কিছু দিল ফে
লাইয়া॥ গঞ্জিকা পাইয়া সাধু হরিসংকীর্তন। গাঁজা পান
করি সাধু চলিলা সত্বর॥ কিছুদিন পরে বিপ্র পরান তে
জিলে। যমদূত আসি তারে বান্ধি নয়ে গেলো॥ যমরা
জ আজ্ঞা দিল চিত্র গুপ্ত প্রতি। কোন পাপ পুণ্য ইহার দে
খ শীঘ্র গতি॥ পাপে পরি পুণ্য বিপ্র কহিল নিশ্চয়। পু
ণ্যের নাহিক লেস শুনো মহাশয়॥ ভক্ত নাম পুণ্য ইহার
শুনোমহা রাজা। অতিথে প্রদান করে একছিলিম গাজা

অথ ভাগবৎ কথাও চোর শ্রবনে
কৃষ্ণ দর্শন পায় তাহার কথা।

আছিলা তস্কর এক নগর মাঝারে। নিসা যোগে জা
ক পর দ্রব্য হরি বারে॥ দৈবে একদিন পথে ভ্রমিতে ২।
ভাগবত কৃষ্ণ কথা। শুনিল কর্ণেতে॥ পণ্ডিত করএ পাঠ
দশম বাখান। শ্রীদাম আদি সখা সনে গোষ্ঠেতে পয়ান
নানা অলকার কৃষ্ণ ভুষিত করিয়া। যশোদা বিদাই দিলে
ক বেস বিন্যাসিয়া॥ সিরে শিখি পুচ্ছ চুড়া গলে বনমা
লা। চলে আন বনমালি পথ করে আলা। শ্রতি মুলেশো

ন্তে কিবা মকর কুণ্ডল। হেরি ব্রজাঙ্গনায় মন হৈল চঞ্চল
ব্রজাঙ্গনা মন হরি বিপীনেতে গমন। চাতকের মত পথ করে
নিরক্ষণ॥ নটবর বেশো কৃষ্ণ ভুষণে ভুষিত ॥ চলিতে
পথ শনে হয়ে আনন্দিত ॥ নানা অলঙ্কার পড়ি বেণি
গমন। শুনিয়া চোরের মন হলো উচাটন॥ কেমতে হরি
বনে কৃষ্ণ অলঙ্কার। মনে২ দস্যু এই চিন্তে দশ দুরাচা
র। সত্য ভাগবত কথা করিয়া বিশ্বাস। অবশ্য খেলিব
নর মনে করি আস। শিশুসঙ্গে সন্ধ্যাকালে আসিবেন ব
নে। কৃষ্ণের অঙ্গের ভুষা সব নিব কেড়ে। মনে এই যুক্তি
করি বনেতে চলিল। গোধুলি সময় আসি উপস্থিত হৈ
ল। সর্ব্ব অলঙ্কারভূষা শ্রীনন্দ নন্দন। সখাগণ সঙ্গে করে
গৃহে আগমন। অন্ত র্যামি জগন্নাথ ইন্দু গিলি জুনি চো
রের মানস সিদ্ধ করাতে আপনি। দেখি দস্যু অস্ত্র লএস
ম্মুখে দাড়াইলো। দেহ অলঙ্কার বলি কহিতে লাগিলো
শুন২ যশোদা নন্দন বনমালি। প্রান রক্ষ্যা চাহ দেহ অল
ঙ্কার খুলি। যদী নাই দিবে তবে বধিব পরাণে। ভয়া ক
রি কহে প্রভু চোর সন্নিধানে ॥ নাবধ পরাণে চোর কহি
তব ঠাই। একা পুত্র মায়ের আমি আর কেহ নাই ॥ নে
হো অলঙ্কার চোর জেইচ্ছা তোমার। ইশৎ হাসিয়া কহে
নন্দের কুমার ॥ শুনিয়া কৃষ্ণের বাক্য দয়া উপজিলো।
শ্রীঅঙ্গের ভুষা সব খুলিয়া লইলো। পরে নিজ গৃহে আ
সি ভুষা ধারণ করিত। পণ্ডিত সমীপে এক অলঙ্কার লত
সম্মুখে ভুষণ ধরি কহে বিবরণ। সত্য ভাগবৎ কথা দে
খিল নয়ণ॥ বিপ্র শুনি চোর মুখে হলো চমৎকার। ধন্য

ধন্য বলি বিপ্র প্রনাম্যে অপার ॥ তাহে ছল করি বিপ্র ক
হে চোর স্থানে। কৃষ্ণের অলঙ্কার কৈছে আনিলা কেমনে
অন্য কারু দ্রব্য তুমি আনিলে চাহিয়া। প্রবঞ্চনা করি দি
ছো মোরে ভাণ্ড হৈয়া ॥ অতএব ইথে মোর নাহি প্রত্যয়
ন। নিজ দ্রব্য নয়ে তুমি কহ্ন গমন ছাড়ি বা প্রত্যক্ষ তুমি
দেখাও আমারে। নও অলঙ্কার লহি নয়ে জাও ফিরে ॥
তবে চোর কহে শুন বিপ্র মহাশয়। প্রত্যক্ষ দেখাবো তা
রে কহিলে নিশ্চয় ॥ গোষ্ঠ স্থানে আসো বিপ্র মোর সাথি
ভাবে। সাক্ষাতে আইসে। নাথ দেখাবো তোমারে। এত
বলি বিপ্র বর চোর সঙ্গে চলে। উপনিত হইলো আসি য
থা গোষ্ঠ স্থলে। ভুষণে ভুষিত অঙ্গ শ্রীনন্দ নন্দন। রাখা
লের সঙ্গে প্রভু করেণ ভ্রমন। কেহ হৈ হৈ২ বলি ডাকে উচ্চ
স্বরে। করতালি দিয়া কেহ নাচে ফিরে২। কর তালি দি
এ কেহ বলে ভাইরে কানাই। অনেক পুন্যেতে সঙ্গ পে
এছিরে ভাই। এই এক নিবেদণ করি তব ঠাই। জনমে২ যে
ন তব সঙ্গ পাই ভাই। এই রূপে গোষ্ঠ ক্রিড়া করে সখা স
নে। গোধুলি সময় হলো উপর গগণে। ঘর আসি বার
কালে আসি চোর বর। কৃষ্ণকে ধরিলা গিয়া হইয়া সত্ব
র। ধরিয়া কৃষ্ণের হস্ত ডাকয়ে পণ্ডিতে। লইলাম কৃষ্ণের
ভুষা দেখহ সাক্ষাতে। ধরিয়াছে চোর বিপ্র দেখাতে না
পায়। না দেখিয়া বিপ্র বর পড়িল ধুলায়। দৃঢ়তা বিশ্বাস
তব হইল ভাগবতে। একারণে চোর মোরে পাইলে দে
খিতে। কিবা বিপ্র কিবা ন্যাসি গৃহস্থ সকল। বিশ্বাস হইলে
হয় সুসিদ্ধি সকল। তব মন শুদ্ধ এবং বিশ্বাস ভাগবতে

সেই পুষ্প বনে মোরে পাইলে দেখিতে। পশ্চিমেতে বসত ঋষি চোর বিচক্ষণ। জন্মান্তরে পাইবেন মোর দরশন॥

অথ পিপাজির উপাখ্যান।

পিপা নামে ভক্ত এক আছিলেন পূর্ব্বেতে। তাঁহার চরিত্র কথা বেদাদেতে কথিত। দম্ভের হন্তে একাসেন দারিকার ছাপ। যম্মের অন্তরা বেচে তাঁহার প্রতাপ। কর জোড় করি বহু পাপ সর চয়॥ লিখি তাঁহার গুণ দেখান যেমন পরম বৈষ্ণব পাপা সুখ চিত্ত মন। সাধু সেবা করে সদা হরি নারায়ন। সাধু পাইলে হয় সুখি নচ দুখি থাকে। সাধু সেবা সদা করে কৃষ্ণ বলে ডাকে॥ নিরবধি যুক্ত জোরসা পুর সেবন। সাধ প্রাপ্তে সদা থাকে হর সিত মন। সুবুদ্ধ দ্বারকা পুরি সাধু মুখে সুনে। দরশন করিতে তার হইল ইচ্ছা মনে। গৃহ পরিত্যাগ কইল সস্ত্রিক সহিত। চলাচলে দ্বারাবতি হয়ে আগ্রীত। কথ দিনেউক্ত রিগ দ্বারিক রিগয়ে। লোক স্থানে জিজ্ঞাসিল হরিষ অন্তরে। কোন স্থানে রত্ন ময় শ্রীদ্বারিকা পুরী। কোনি মন্দীর তথা আছেন শ্রীহরি। লোক কহে সিন্ধু নিরে নিমগ্ন হয়েছে। কল্পিত দ্বারকা পুরি সন্মুখে রয়েছে। এত শুনি পাপা ভক্ত ভাবে নিরন্তর। ধুলায় পড়িয়া কান্দে ব্যস্থিত অন্তর। মোর ভাগে শ্রীদ্বারকার দরসন না হইল। হরি কোথা আছ বলে কান্দাতে লাগিল। এত বলি স্ত্রীপুরুষে রুক্ষ্ম করি মনে সমুদ্রের নিরে ঝাপ দিল দুই জনে। সেই মাত্র জলে ঝাপ দিল দুই জন। অন্ত জামী চান্তামনি জানিল তখন। তবে হরি হনুমানে স্মরণ করিল। স্মৃতি মাত্র হনুমাণ সনন্ম

থে দাঁড়াইল। শুন হনুমান এক বিপদ হইল। ঘর আসি
পিপা ভক্ত সমুদ্রে ডুবিল॥ অতএব বাপ শিঘ্র করহ প
য়ান। তাহারে তুলিয়া আন মোর বিদ্যমান॥ জনি পীপা
সিন্ধু নীরে পরাণ হারাবে। আমার নামেতে বাপ কল
ঙ্ক রটিবে॥ এত শুনি হনু বীর তথায় চলিল। সমুদ্রিক সহি
তে পীপা যথা ডুবেছিল॥ নিয়া সে তুলিয়া দোঁহে গেলা
প্রভু পাস। পীপারে পাইয়া প্রভু অত্যন্ত উল্লাস॥ লক্ষ্মী না
রায়ণে হেরি করি ধনি পাত। প দক্ষিণ করী রহে জোড়
করি হাথ॥ ধন্য দয়াময় প্রভু ত্রি জগত গুরু। বিরাগেস
মের বাঞ্ছা বাঞ্ছা কল্প তরু॥ এসো এসো পীপা মোর ভ
ক্ত প্রায়ে তরল তোমারে পাইয়া হলো হরাশ অন্তর॥
আলিঙ্গণ দিয়া প্রভু দীলেন আসন। তোমা দীগেণ দে
খে মোর জোড়াইল জীবন॥ তবে আজ্ঞা দিল প্রভু লক্ষ্মী
দেবী প্রতি। রন্ধন করগো প্রীয়া পীয়া শিঘ্র গতি॥ নানা
বিধ দ্রব্য লক্ষ্মী করায়া রন্ধন। সুবর্ণ থালেতে রাখি করি
য়া জতন। শ্রীকৃষ্ণ সম্মুখে দুই থালি আনি দিল। পীপায়
লইয়া কৃষ্ণ ভোজনে বসিল। প্রসাদ লইয়া পীপা করি ভো
জন। আচমন করী কৈল তাম্বুল চর্ব্বন। পিপা পত্নী লক্ষ্ম
লক্ষ্মী ভুঞ্জেন প্রসাদ। কৃষ্ণ কথা রসে ভাসে হইয়ে আহ্লা
দ॥ এই রূপে কত দিন পিপারে লইয়া। পিপারে কহেন
প্রভু হাসিয়া হাসীয়া। শুন শুন পিপা ভক্ত কহি বিবরণ।
নিজ গ্রহে কর গীয়া অতীথ সেবন। তব আগমনে দেখ
মোর ভক্ত গণ। অনেক কেলেসে পায় তব দরশণ। জো
ড় হস্তে কৃষ্ণ প্রতি নিবেদন করে। এই ভীক্ষা মাগো প্রভু

নাহি জাবে কীয়ে ।৮ ষর প। পদাব্জ সুধা ধ্যানেতে রহিব
অথাত তেজিয়া কৈল হাঁশেতে মজিব । শুন২ অহে ভক্ত
কহি তব পায । সাধু সমাগম তথা তথা মোর রায । স্ব
রন কৃত্তন ধ্যানে শুক পাই জত । সমিপে থাকিলে সুকল্যা
ণী হয় তত ॥ তথাহি । শ্রবনং দর্শনং ধ্যানাং
আয় ভাবান কৃত্তনাং নত থাস নিকর সমী প্রতি জাতু ত
ং গৃহাজ্ঞ ।

তুমি গৃহে নাহি গেলে মোর দোষ হবে । সুমুদ্র মধ্যে
ক্ষে পাপী কলঙ্ক রুটিবে ॥ শঙ্খ চক্র গদা পদ্ম চারি সঙ্গে লেহ
সুমুদ্রের তীরে গীয়া প্রকাশ করিহ । জাহার অঙ্গেতে চা
র প্রকাশ করাবে । জবের অক্রনা তার কভু নাহি হইবে । অ
ন্ত কালে পাবে ভয় মোর দরশন ॥ নীকটে থাকীবে মো
র সাপা বীচক্ষণ ॥ এই রূপ নানা কৃষ্ণ বুঝান পাপারে ।
তবু নাহী বুঝে পিপা ভাবেন অন্তরে । রাত্রি কালে নীদ্রা
গত হইল জখন । পুন হনু প্রতী আজ্ঞা দীল নারায়ন । স
মুদ্রের তরে গীয়া রাখহ পীপায় । সুখেতে থাকীবে ত
থায় আমার কৃপায় । ক্ষে আজ্ঞা বলীয়া যত্নে করীয়া ধা
রণ । সমুদ্র ধারে তরী করীল স্থাপন । মোন হয় স্থানে
তারে রাখীয়া জতনে । চলী গেলা মহাবীর কদলী কান
নে । চৈতন্য পাইয়া পীপা তথা নরে বাধ । কৃষ্ণ আজ্ঞা চা
র্ত্ত নরে করেণ প্রকাষ । বীষ্ণু ত নাথান তার পাপার গু
নানু সম্বাদ । অধম বানরে মজে ক্ষেম অপরাধ ॥

অথ সেন ভক্ত উপাক্ষাণ ॥

জস্ট বংশী ভক্ত এক আছীলা রাজন । তার এক ভিত্ত

ছিলো সাধু পরায়ণ ।। সেন ভক্ত বলি তারে ডাকে সর্ব্ব জ
ন ।। তাহার চরিত্র কিছু করহ শ্রবণ । ভক্তের ভাগের কথা
কে কহে রাখান । যাঁর মুর্ত্তি ধরিলেন প্রভু ভগবান ।। তা
হার চরণ যুগে প্রনতি বিস্তর । যরে দয়া করো ভক্ত কৃ
পে কিংকর ।। নিশা যোগে রাজা যবে করেণ সয়ণ । হে
ন কালে ভিত্তরে চরণ সেবন ।। বিষ্ণু সেই সমান ভক্ত
সাধু সেবা করে । পরম ধার্ম্মিক সেন জগত মাঝারে ।
সাধু সঙ্গ দান হবে তাহার আলয়ে । আনন্দ সাগরে
ভাসে সাধুরে পাইয়ে ।। যথা শক্তি খাদ্য দিয়া সেবে সা
ধু জনে । সয়ন সময়ে করে চরণ সেবনে ।। দৈবে একদি
ন দেখ সহস্র অতিথি । তাহার আলয়ে আসি হলো উপ
নিত ।। সাধু সংঘটন দেখি হরিশ হইয়া । নানা উপহা
রে সেবে সাধুরে পাইয়া ।। সয়ন করিল যবে অভ্যাগ
ত জন । প্রত্তেক সাধুর পদ করয়ে সেবন ।। সেবিতে সে
বিতে রাত্রি দ্বিতিয় প্রহর । অন্তর্যামি জানি তাহা চি
ন্তিত অন্তর ।। সাধুর সেবায় মগ্ন ভুলিয়া রাজাকে । দ
ণ্ড দেয় পাছে রাজা সাধুর সেবকে ।। এতেক চিন্তিয়া
প্রভু সেন মুর্ত্তি ধরি । নিদ্রালয়ে গেলা প্রভু আপন শ্রীহ
রি ।। ভিত্তু অত নৃপ সেবা করিয়া আপনা । অন্তর্দ্ধ্যান
হইলেন প্রভু চিন্তা মনি ।। শ্রীযুক্ত পরশ মাত্র দির্ঘ কা

তি হইলো । এমন দিগন্তে রাজা কিছু নাজানিলো ।। যে
থা সেন ভক্ত সাধু সেবা কার্য্য করে । নিশাসময়ে চলিলে
ন কাতর অন্তরে ।। নৃপের আলয়ে গিয়ে দিল দরশন
কাতর হইয়া করে চরণ সেবন ।। রাজার চরণে যেই হস্ত
দিল হস্ত দিল । হস্ত পরশে নৃপবরের চমকী উঠিল ।। কে তুমি
কে তুমি বলি জিজ্ঞাসা করয় । ভিক্ষু কহে তবে শুনহ শু
নো মহাশয় ।। এখনি করিয়া গেলে সেবা নিয়া ভিক্ষা
পুনঃ কেন আইলা তুমি কহাবে তথ্বিত ।। ভিক্ষু কহে অ
পরাধ হয়েছে আমার । বিলম্ব হইল আজি আসিতে
আমার ।। সাধু গণ আগমন আমার ভবনে । সেবিতে
তাদিগে হলো বিলম্ব কারণে ।। শুনি চমকিত হয়ে উঠি
য়া বসিল । নিরবধি প্রভুর তায় দেখিতে পাইলো । দে
খিয়া শুনিয়া হলো পুলক শরীরা । প্রেমে অঙ্গ গদ গদ
চক্ষে বহে নীর । শুনি ভিক্ষু বাপ ক্রোধে করি নিবেদন ।
তব মূর্ত্তি ধরি হরি করিলা বন্ধন ।। অন্ত একবার ওরে
আসিয়া ভেলাকি । আজ হইতে মোর সেবা না করাবি
তুমি ।। নিশ্চয় জগতে তুমি করিয়ে প্রদান । অভ্যাগত
জন ভাগ্যে কর্য়া অন্ন দান ।। নিত্যি মোরে দরশন দিবেন
হামজা । তোমার নিকটে এই মাগিয়ে মিনতি ।। ভিক্ষু
কহে তুমি নৃপ তাহা অঙ্গীকার । আমি কিছু নাহি জা
নি তুমিসে রক্ষীতা ।। এইতো নিথাল সেন ভক্তের আ
খ্যান । কে কহিতে পারে তাই ভক্তের বাখান ।।

অথ সাধু সেবাত চোরের উপাক্ষাণ॥

এক দস্যু ছিলো। দেখ নগর মাঝারে। দৈব্য বিক্রী করে সদা সাধু সেবা করে॥ দৈবে এক দিন আইল সহস্র অতিথ। দশ্যা লয়্যে আসি শবে হইল উপনিত॥ পাদ্য অর্ঘ্য দিয়া সভে বসাইতে আসন। আহারে লাগিয়ে বড় হইল উচাটন। পরি জনে জিজ্ঞাসিল কিছু আছে ঘরে। জানু দর্ব্ব নাহি প্রভু ভুহের মাঝারে। অন্ন দর্ব্ব নাই ঘরে কি করি উপায়। অস্থির রহিল সাধু করে হায় হায়। কেমন্তে করিব চুরি দিব্বস আঝারে। কোথাবা পাইব ধন ভাবেন অন্তরে॥ ভাবিতে ভাবিতে দস্যু মনে বিচারিল শ্রীহরি বলিয়া বনে গমন করিল॥ অবস্য দিবেন হরি কলু মহাজন। পাত্তিস্তের ধর্ম রেথ লক্ষ্মী নারায়ণ॥ এই কথা চুর বর কহিল জখন। হেথা অন্ত জামী হরি চঞ্চল জীবন॥ লক্ষ্মী দেবী করিছেন ভোজনের স্থান। হেন কালে প্রভু লক্ষ্মী করেণ আহ্বান। অস্তে ব্যস্তে লক্ষ্মী দেবী জোড় করি হাত। বল আজ্ঞা কর প্রভু জগতের নাথ। শুন প্রিয়া কহি আজ তোমার নিকটে। অতিথ সেবিত মোর পরেছে শঙ্কটে॥ সাধু সেবা লাগি লোভ অর্থের কারণ। চোর বর আসী যাছে শিড়ের কারণ॥ অদ্য পায় ধন অদ্য চোর না পাইবে। আমার ভক্তের সেবা কেহ না করিবে॥ অত এব শুন লক্ষ্মী নাইক দৃষ্টিত। স্বর্ণ অলঙ্কা

স্ত্র পরি এসোহ ভূষিত ॥ চোর বৈসে বাঞ্ছা। সিদ্ধ কারণ।
দুই জনে। নতুবা কলঙ্কী হবে কহ বিদ্য মানে ॥ তবে ল
ক্ষী জোড় হাতে কয়ে নিবেদন। প্রস্তুত ভোগের দ্রিব্য ক
রহ ভোজন ॥ প্রভু কহে লক্ষ্মী দেবী কহি তব ঠাই। দস্যে
র ধরণে মোর ক্ষুধা তিক নাই ॥ শীঘ্র গতি এসো প্রিয়া
মোর শয্যা ভাণ্ডারে। চোরের মানস সিদ্ধ করি বার তরে
সব অলঙ্কার পরি লক্ষ্মী ঠাকুরাণী। বৃদ্ধ ব্রাহ্মণ সাজি ধ
রিলে আপনা। তবে লক্ষ্মী ঠাকুরাণী বৃদ্ধাশির বেশে। তুর
নে ভূষিত হইয়া গেলা প্রভু পাশে ॥ দোঁহে আসি উপনি
ত অরণ্য মাঝারে। চলি জান দুই জনে বেন্য আনাকরে
দূরে হইতে দৈস্য বর দেখিতে পাইল ॥ পাইল মাহাজ
ন বলি লক্ষ্মান পুরিল। জেই মাত্র বাগ চোর করদু সন্ধান
ছল করি প্রভু কহে চোর বৃদ্ধ মান ॥ নামার নামার বৃদ্ধ ব্রা
হ্মণ জিবন। প্রাণ রক্ষ্যা করি লেহ জত আছে ধন ॥ সিদ্ধ
গতি দেহ মোরে জত ধণ আছে। অনেক অতিথ ঘরে অ
ভুক্ত রহিছে ॥ সহস্রেক মুদ্রা প্রভু দিলা চোর বরে। সন্তো
ষ হইয়া দৈস্য গেলা নিজ ঘরে ॥ জাই বার কালে চোর
কহয়ে ব্রাহ্মণে। জাবত নাআসি ফিরে রহিবে এখানে ॥
নৈলত্য কর হেথা হইতে নাজাবো পালায়ে। নতুবা তোমা
দিগে আমি রাখিবো বান্ধিয়া। বড় দয়াময় প্রভু ভক
ত বৎসল। নিশ্চয় রহিবো হেথা নাহবে চঞ্চল ॥ ক্রত
গতী আসি চোর আপন আলয়ে। নানা উপহার দে

র্য্য আনিলো কিনিয়া ॥ সাধু গণে পরি জাগ্ত করিয়া ক
স্তন। আস্তিক হইয়া নাচে আনন্দ মগনে ॥ পতিরে ক
হয়ে চোর শুন বিবরণ। আমার সংগতি এসো জন্ত
লরে ধন পেয়েছি অনেক রত্ন সাধুর কৃপায়। সিন্দু গ
তি এসো ধন আনিয়া দে তায় ॥ এতেক বলিয়া দোহে
বনে আগমণ। উপনিত হইল তথা আছিলা ব্রাহ্মণ ॥
ব্রাহ্মণির অংগে চোর কহেন ডাকাইয়া। সব অলঙ্কার মা
তা দেহোগো খুলিয়া ॥ তব অলঙ্কার প্রাপ্তে এই সত্য হ
বো। জন্মা বধি ভই ধনে সাধুরে সেবিবো ॥ জেই মাত্র
এই কথা কহে চোর বর। সাক্ষাত হইয়া কহে প্রভু গদা
ধর ॥ জেতক তোমার ভক্তা সাধুর সেবায়। সেই ফলে
চোর তুমি কিনিলো আমায় ॥ সস্তিক সহিত রথে ক
রো আরোহণ। সকায়ে বৈকুণ্ঠ পুরি চলহ এখন ॥ চুরি
করি সাধু সেবা করি চোর বর। অনা আসে চলি গেলা
বৈকুণ্ঠ নগর ॥ অচিন্ত অনন্ত সক্তী সাধুর মহিমা। ভক্তী
করি করে তার নাহিক তুলনা ॥

শ্রীকৃষ্ণ ভক্ত অঘটন ঘটায়েন তার পক্ষেণ।

কৃষ্ণ ভক্ত পাদ পদ্মে অসংক্ষ্য প্রনতি। ভক্ত কল্প তরু হ
ন্ অগতিরা গতি ॥ তির্থ কীতার্ত্ত করেন কাহা প্রাপ্ত হয়ে
কীতার্থ করেণ সাধু দরশণ দিয়ে ॥ গঙ্গা হরেণ পাপস
সি তাপ হরে। ধর্ম্মের নিকটে কল্প তরু থাকে দূরে ॥ সা
ধু সমাগম হলে সর্ব্ব সিদ্ধ হয়। কদাচ ইহাতে মন নাক

ক্র সংশয় ॥ অচিন্ত্য মাধুর্য্য শক্তি নাহিক উপমা। বেদাগে
মে জার শক্তি দিতে নারে সীমা ॥ ঘটাইলেন অঘটন ঘটা
ন্যে চাহিলে। বিধির লিখন খণ্ডে সাধু কৃপা হলে ॥ তা
হার দিষ্টান্ত কহু করি নিবেদন। অপুত্রক ছিল এক দেশে
র রাজন। দৈবে এক দিন পথে জান দেব ঋষি। অপুত্রক
নৃপ পাশে বল্যা যেন আসি ॥ প্রণতি মিনতি করি করে নিবে
দন। বিনা খাজাইয়া মুনিকে পাছে গমন ॥ নারদ কহেন
রাজা বৈকুণ্ঠ জাইব। সনাথেক নাথে গিয়া নয়াদিন হেরি
ব ॥ তবে নৃপ কহে মুনি নিবেদন করি। কিহবে আমার
প্রতি জিজ্ঞাসিবে হরি ॥ রাজা এক দিবেন কেন নাহি কোন
বংশ। পুত্র বিনে এই রাজ্য হইতেছে ধ্বংস ॥ শুনিয়া না
রদ মুনে দয়া উপজিল। হরি ধ্যান করি বৈকুণ্ঠে চলি
লা ॥ বৈকুণ্ঠে জাইয়া কৃষ্ণে প্রণতি করিয়া। প্রেমানন্দে ভা
সে মুনি কৃষ্ণ নিরখিয়া ॥ যেঁহ মুনি বর কহ মঙ্গল বারতা।
বহু দিন পরে তব আগমন হেতা ॥ তোমার কৃপাএ হরি
সর্ব্বত্র মঙ্গল। তুমি জার নাথ তার সর্ব্বত্র মঙ্গল। তবপা
দ পদ্মে এক করি নিবেদন ॥ অপুত্রক আছে নাথ ব্রহ্মক
রাজন। শুনি ভগবানে চন্দ্র কহেন বচন। রাজার ভাগ্যেতে
মুনি নাহিক নন্দন ॥ এই কথা কহো গিয়া নৃপবরাবর
ে আজ্ঞা বন্দিয়া মুনি চলিল সত্বর ॥ বৈকুণ্ঠ হইতে ম
র্ত্ত্যে করি আগমন। রাজার নিকটে মুনি দিলো দরশন ॥
শ্রীকৃষ্ণের আজ্ঞা শুন কহি তব স্থান। তোমার ভাগ্যেতে

রার্য্য নাহিক সন্তাপ ॥ শুনিয়া মুনির মুখে হইলা উদাস ।
থাকিলাম আমা হইতে জন্মের বিনাশ ॥ মনদুঃখে রাজ
সেবা করিতে লাগিল । দিবসে এক হরি দ্বিজ তথাই আই
ল ॥ সকলে বিচক্ষণ কহেন্দ্র কুমার ॥ কাল্পনিক প্রদেশী দেবে
করায় আহার । জত গুলী রুটি মুখে করিবা অর্পণ ॥ তত
গুটি হইবেক তাহার নন্দন । এই রূপ কহি সাধু কেন্দ্রে যা
ইল ॥ এ কথা শুনিতে পাইল । রাত অন্ত পাদুরে ॥ এই বা
নি শুনি রানি পাছুরে ডাকিল । ক্রোধ মেরে মুক্ত আর্ম্মিল
স্বশে আছেন ॥ তাহে কিছু করিয়া সাধু বিলম্ব করিয়া । ভো
জন করিতা কুটে রুটী নিবেদ্য দিয়া । সন্তোষ হইয়া বোধ
কহিলা । বচন ॥ ক্রোধে রুটি স্পর্শ ইন দুই হইবে নন্দন ॥ সেই ম
নি সাধুবর গেলা স্থানান্তর ॥ অতিশয় গমনে রাণি দুঃখিত
অন্তর । অনন্ত সাধুর আজ্ঞা না জায় খণ্ডন । সময়ের
মধ্যে হইল জনম নন্দন । সাক্ষাৎ ত্রাস দেখি রাজা না করে
আদর । সর্ব্বদা হইয়া থাকে দুঃখিত অন্তর । কারন নারদ
মুখে শুনি কৃষ্ণ আজ্ঞা । নিজ পাত্রালয় রাখিকরয়ে আবিজ্ঞা
দুইটি বালক জবে হল জ্ঞান বান ॥ অচ্ছেদ্য রাজার ঘরে করি
লেন স্থান । এক দিন রাজা আছে বসি সিংহাসনে । রা
নি দুই পুত্র তথা করিল গমনে । জোড় হস্তে কহে দুই
রাজার তনয় । অবিচারে হত ছেদ্য কেন মহাশয় । মো
রা দুই পুত্র তব শুনহ নৃপতি । পুত্র প্রতি স্নেহ নাই এবড়
অক্ষেতি । নৃপ কহে শুন বাপু অযোগ্য আমার । কহিব উচি

ন্তবাক্য করিয়া বাঁচায় । এত শুনি দুই পুত্র সক্রোধ অন্ত
রা । সিংহাসন নিবকাড়ি শুন নৃপবর ॥ নাকা দিব বাক্য
দ্রুল হয় নিঃসন্দেহে । হেন কার্য্যে নারদ যেঙ্কেন উপস্থি
ত । মুনিরে দেখিয়া রাজা করে অভ্যাহত । দণ্ডবৎ হ
ইয়া রাজা করিলা প্রনাম ॥ ভাল হইল এলে মুনি এহেন
সময় । বিচার পূর্ব্বক কহ যে উচিত হয় । ভগবত আজ্ঞা
মোরে কহিলে নিকটে । দুই পুত্রক লেখা আছে আমার ল
লাটে ॥ শুনিছি লোকের মুখে সাধু ঋষি জা । সেই অরে
দুই পুত্র পাই নির্বিঘ্ন হৈয়া । শ্রীকৃষ্ণের আজ্ঞা পুত্র না
হি হবে । সেথা দেওন । থাক্ আজ্ঞা কিমতে রাখিবে । এবড়
সংশয় মোর হইল মনেতে । ইহার বিভান্ত মুনি কহিবে
সাক্ষাতে । মুনি কহে ধৈর্য্য হেতু থাক দিন দুনে । শাস্ত্রা
ত সিদ্ধান্ত সব করিব স্মরণে ॥ যাত্রনা করিয়া গেলা বৈ
কুণ্ঠ ভুবন । উপনিত হইলা যথা বসি নারায়ণ । নারদে
দেখিয়া কৃষ্ণ হরিষ অন্তর । বসিতে আসন দিলো করিয়া
আদর । প্রণমিয়া মুনি বর জিজ্ঞাসে বারতা । শুনিলে
জগত গুরু জগতের পিতা । শ্রীমুখে কহিলে নাথ অমুক
রাজার । নাহিক সন্তান লেখা ললাটে তাহার । তব আজ্ঞা
বেদ আজ্ঞা মিথ্যা কী কারণ । এদিকি চক্র চক্র পানি কহবি
বরণ । রাজার ললাটে পুত্র নাহিকে নিশ্চয় । কেমতে হই
ল পুত্র কহ বিবরণ । মুনি কহে শুনিলাম নৃপ সন্নিধান ।
সাধু আশির্ব্বাদে দুটি হইয়াছে সন্তান । এই বাক্য শুনি

কৃষ্ণ কহে সত্যবটে। অগ্র এক লেখা ছিল রাজার ল
লাটে॥ আমার ভক্তের আজ্ঞায় হয়েছে সন্তান। ই
থে মোর দোষ নাহি কহি বিদ্যমান॥ মোর আজ্ঞা
হইতে মোর ভক্ত আজ্ঞা বড়। অন্যথা আমার আ
জ্ঞা ভক্ত আজ্ঞা দিড়॥ ভক্ত আজ্ঞা রাখি বারে মো
রা দুই জন॥ রাম কৃষ্ণ দুই ভাই লিইলাম জনম
আপন পতিজ্ঞা ভঙ্গ করি বারে পারি॥ ভক্তের পি
তিজ্ঞা ভঙ্গ করি বারে নারি। ভক্ত মোর মাতা হল
ভক্ত মোর পিতা॥ ভক্তের পিতিজ্ঞা আমি না করি
অন্যথা। বেদ বিধি বহি দূত ভক্তের লক্ষণ॥ পৃথি
বির মধ্যে মোর ভক্ত প্রিয়তম। হরি হরি দাসে
ভেদাভেদ কভু নয়। ভক্তের দর্শনে মুনি প্রাপ্তি
মোরে হয়॥ ভক্ত গর্ব্ব বত্তি আমি গর্ব্ব তার থাকী
তাহার সুখেতে আমি সদা হই সুখি॥ মারি ভুক্ত
দ্রব্য তৈজেছে সুখের পালন। ভক্তেরে দুষ্জানে হয় আ
মার ভক্ষণ॥ মোর নিন্দা করে জদা না হয় বিনা
শ। ভক্ত নিন্দা করে তার করিব বিনাশ॥ ভক্তের
লাগিয়া মোর নানা অবতার। সে জলে উদভব
ভক্ত সে জল উদ্ধার॥ ভক্তের হৃদয়ে মোর সদা হ

য় বাস। অন্যথা নাহিক ইথে করিহ বিশ্বাস ॥ অত এব মোন তোরে করিয়া মিনতি। ভক্তের পদারবিন্দে রাখিবে ভকতি ॥ কে কহিতে পারে কৃষ্ণ ভক্তের মহিমা। অং যং ভাগ বান শুন কহিতে সীমা ॥ অধম বিনোদ দাস পাপী দুরাচার। ক্ষেমি অপরাধ দিলে করিয়া নিস্তার ॥

পুস্তক সমাপ্ত ইতি সন ১২৫৭ বারসত সাতান্ন সাল
তাং ২ শ্রাবণ মঙ্গলবার